

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩০

১/ বিবিধ

আরবী

ليس من امبر امصيام في امسفر شاذ بهذا اللفظ

أخرجه أحمد (5/434) عن معمر عن الزهري عن صفوان بن عبد الله عن أم الدرداء عن كعب بن عاصم الأشعري \_ وكان من أصحاب السقيفة \_ قال سمعت رسول الله صلى الله عليه وسلم فذكره

قلت: وهذا إسناد ظاهره الصحة، رجاله كلهم ثقات رجال مسلم، وعلته الشذوذ ومخالفة الجماعة. فقد قال أحمد أيضا: حدثنا سفيان عن الزهري به بلفظ

ليس من البر الصيام في السفر

وتابعه عليه ابن جريج ويونس ومحمد بن أبي حفصة والزبيدي كلهم رووه عن الزهري بلفظ سفيان

وتابعهم معمر نفسه عند البيهقى وقال

حدث به بالبصرة، ففيه أغاليط

وهو المحفوظ عنه صلى الله عليه وسلم

وليس يشك عالم بأن اللفظ الذي وافق معمر الثقات عليه، هو الصحيح الذي ينبغي الأخذ به، والركون إليه، بخلاف اللفظ الآخر الذي خالفهم فيه، فإنه ضعيف لا يعتمد عليه، لا سيما ومعمر؛ وإن كان من الثقات الأعلام فقد قال الذهبي في ترجمته "له أوهام معروفة، احتملت له في سعة ما أتقن، قال أبو حاتم: صالح الحديث، وما



وإن مما يؤكد وهم معمر في هذا اللفظ الذي شذ به عن الجماعة أن الحديث قد ورد عن جماعة آخرين من الصحابة، مثل جابر بن عمرو، وعمار بن ياسر وأبي الدرداء، جاء ذلك عنهم من طرق كثيرة، وكلها أجمعت على روايته باللفظ الثاني الذي رواه الجماعة، وقد خرجت أحاديثهم جميعا في " إرواء الغليل " (925) فمن شاء الوقوف عليها، فليرجع إليه إن شاء الله تعالى

وإنما عنيت هنا عناية خاصة لبيان ضعف الحديث بهذا اللفظ لشهرته عند علماء اللغة والأدب، ولقول الحافظ ابن حجر في " التلخيص

هذه لغة لبعض أهل اليمن، يجعلون لام التعريف ميما، ويحتمل أن يكون النبي صلى الله عليه وسلم خاطب بها هذا الأشعري (يعني: كعب بن عاصم) كذلك لأنها لغته، ويحتمل أن يكون الأشعري هذا نطق بها على ما ألف من لغته، فحملها الراوي عنه، وأداها باللفظ الذي سمعها به. وهذا الثاني أوجه عندي. والله أعلم

فأقول: إن إيراد الحافظ رحمه الله تعالى هذين الاحتمالين قد يشعر القارىء لكلامه أن الرواية ثبتت بهذا اللفظ عن الأشعري، وإنما تردد في كونه من النبي صلى الله عليه وسلم نفسه، أومن الأشعري، ورجح الثاني. وهذا الترجيح لا داعي إليه، بعد أن أثبتنا أنه وهم من معمر، فلم يتكلم به النبي صلى الله عليه وسلم ولا الأشعري، بل ولا صفوان بن عبد الله، ولا الزهري. فليعلم هذا فإنه عزيز نفيس إن شاء الله تعالى

## বাংলা

১১৩০। সফরের মধ্যে সওম পালন করাতে কোন সাওয়াব নেই। (অনুরূপ ভাবার্থে আরবীতে যে সহীহ হাদীস বর্ণিত হয়েছে বাংলায় সেটির আর এটির অর্থ এক)

হাদীসটি উল্লেখিত আরবী বাক্যে শায।

হাদীসটি ইমাম আহমাদ মামার সূত্রে যুহরী হতে, তিনি সাফওয়ান ইবনু আবদিল্লাহ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদ বাহ্যিকভাবে সহীহ, বর্ণনাকারী সকলেই নির্ভরযোগ্য ইমাম মুসলিমের বর্ণনাকারী। কিন্তু সমস্যা হচ্ছে উক্ত ভাষায় হাদীসটি বিচ্ছিন্নভাবে এবং একদল নির্ভরযোগ্য বর্ণনাকারীর বিপরীত ভাষায় বর্ণিত হয়েছে। ইমাম আহমাদ বলেনঃ আমাদের নিকট সুফইয়ান- যুহরী থেকে নিম্নের বাক্যে হাদিসটি



বর্ণনা করেছেনঃ ليس من البر الصيام في السفر

একই ভাষায় ইবনু জুরায়েজ, ইউনুস, মুহাম্মাদ ইবনু আবী হাফসাহ ও যুবায়দীও যুহরী থেকে সুফইয়ানের ভাষাতেই বর্ণনা করেছেন। বাইহাকীর বর্ণনায় মামার নিজেও এ ভাষাতেই বর্ণনা করেছেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হওয়া সঠিক ভাষা এটিই।

অতএব কোন জ্ঞানী ব্যক্তি এ মর্মে সন্দেহ পোষণ করতে পারেন না যে, মামার কর্তৃক বর্ণিত যে ভাষাটি অন্যান্য নির্ভরযোগ্য বর্ণনাকারীদের ভাষার সাথে মিল রয়েছে সে ভাষাই সঠিক এবং সেটিই গ্রহণ করা উচিত। কারণ মামার কর্তৃক দ্বিতীয় ভাষাতেও বর্ণিত হওয়াটাই প্রমাণ করছে যে, তিনি প্রথম ভাষাটি সন্দেহ বশত বর্ণনা করেছেন।

এছাড়া উক্ত দ্বিতীয় ভাষাতেই একদল সাহাবী যেমন জাবের ইবনু আবদিল্লাহ (রাঃ), আবদুল্লাহ ইবনু আবী বারযাহ আসলামী (রাঃ), আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ), আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ), আব্দুল্লাহ ইবনু আ্বামর (রাঃ), আম্মার ইবনু ইয়াসের (রাঃ) ও আবু দারদা (রাঃ) হতে বিভিন্ন সূত্রে হাদীসটি বর্ণিত হয়েছে।

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন